

138

দৈনিক বাংলা

তারিখ ...D.6. JUN 1995 ...  
পৃষ্ঠা ৩ কলাম ৭.....

## ঢাকা ভার্শিটিতে জাল ভর্তি আরও ৪১ ছাত্রের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হচ্ছে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের জাল ভর্তির ব্যাপারে তদন্ত করতে গিয়ে তদন্ত কমিটি আরো ৪১ জন ছাত্রের জাল ভর্তির ব্যাপারে তথ্য পেয়েছে বলে জানা গেছে।

একটি সূত্র জানান, আজ মঙ্গলবার অথবা কাল বুধবার তাদের বিরুদ্ধে চিঠি পাঠানো হবে। তাদেরকে ভর্তির পক্ষে বৈধ কাগজপত্র নিয়ে নির্দিষ্ট তারিখে হাজির হবার জন্য বলা হবে।

উল্লেখ্য, এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ১২ জন ছাত্রের বিরুদ্ধে জাল ভর্তি প্রমাণিত হওয়ায় কর্তৃপক্ষ তাদের বিরুদ্ধে চিঠি ইস্যু করেন।

কর্তৃপক্ষ এই ১২ জন ছাত্র জাল কাগজপত্র দেখিয়ে কিভাবে ভর্তি হলো এবং এই ভর্তির সঙ্গে কারা জড়িত তা অনুসন্ধানের জন্য একটি উচ্চক্ষমতা সম্পন্ন তদন্ত কমিটি গঠন করেন। সূত্র জানান, তদন্ত কমিটি এই ১২ জন ছাত্রের

ভর্তির তদন্তের ব্যাপারে একাডেমিক ফাইল ঘাটতে গিয়ে আরও ৪১ জন ছাত্রের ভর্তি সম্পর্কে সন্দেহান হন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি প্রক্রিয়া অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে বেশ কঠিন। ৬টি আনুষ্ঠানিকতা শেষ করে এখানে ভর্তি প্রক্রিয়া শেষ করতে হয়। সূত্র জানান, এইসব জাল ভর্তির সঙ্গে দু'জন শিক্ষক জড়িত রয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

যেসব ছাত্রের ভর্তি জাল হিসাবে চিহ্নিত করা হয়েছে তাদের ভর্তির সকল কাগজপত্রের সীল-স্বাক্ষর সব নকল বলে জানা গেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক বিভাগের কিছু দুর্নীতিবাজ কর্মকর্তাও এই ভূমি ভর্তির সঙ্গে জড়িত আছে বলে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন মহল থেকে জানা গেছে। সূত্র জানান, এদের সঠিকভাবে চিহ্নিত করার চেষ্টা চলছে।